স্মারক নং ২০৬ তারিখ ১১/৪/২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো
আউট অব স্কুল চিলড্রেন প্রোগ্রাম
২৩২/১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।

মুজিব শতবর্ষ

তারিখঃ ২৫ চৈত্র ১৪২৭ / ০৮ এপ্রিল ২০২১

স্মারক সংখ্যা : ৩৮.০০.০০০০.৪০০.২০. ১৪৭.২০- ৪৪৯

প্রেরক : মহাপরিচালক
উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো

প্রাপক : বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/ জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা
ঢাকা, কিশোরগঞ্জ, চট্টগ্রাম, সিলেট, সুনামগঞ্জ, গাইবান্ধা।

বিষয় : চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি (পিইডিপি-৪)-এর সাব-কম্পোনেন্ট ২.৫ Out of School Children' এর (১ লক্ষ শিশুদের) কর্মসূচিতে বিভিন্ন খাতে জানুয়ারি হতে মার্চ-২০২১ মাসের অর্থ বরাদ্দের মঞ্জুরী জ্ঞাপন প্রসঙ্গে।

সূত্রঃ ১) প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের স্মারক নং ৩৮.১৫০.১৮০.০২৯.০০.০০.০১৪.২০১৮-৫৫, তারিখ ০৭ সেপ্টেম্বর ২০২০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি (পিইডিপি-৪)- সাব-কম্পোনেন্ট ২.৫ 'Out of School Children' এর কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে ইতমধ্যে পিপিআর-২০০৮ এর বিধিবিধান অনুসরণ পূর্বক ৬১ জেলায় বাস্তবায়নকারী সহায়ক সংস্থা নিয়োগ করা হয়েছে। দেশের ৬১ জেলায় নিয়োগকৃত বেসরকারী সহায়ক সংস্থার মাধ্যমে মাঠপর্যায়ে কর্মসূচিটির কার্যক্রম বাস্তবায়নের কাজও চলমান রয়েছে। উল্লেখ্য, নিয়োজিত বাস্তবায়নকারী সংস্থাসমূহ মাঠপর্যায়ে কর্মসূচি বাস্তবায়নের সার্বিক দায়িত্ব পালন করছে। এছাড়াও গত গত ১ অক্টোবর ২০১৯ তারিখ হতে বিশেষায়িত সংস্থা (এসএ) হিসেবে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট এবং Out of School Children' এর কর্মসূচি বাস্তবায়নের জন্য ৪টি বাস্তবায়নকারী সংস্থা (BRAC, RDRS, FIVDB, JCF) নিয়োজিত আছে।

মাঠ পর্যায়ে নিয়োজিত শিক্ষক, সুপারভাইজার, সংশ্লিষ্ট মাঠকর্মী/ কর্মকর্তার বেতন/ ভাতা, কেন্দ্রঘর ভাড়া, অফিস ভাড়া ইত্যাদি যাবতীয় ব্যয় নিয়োজিত বাস্তবায়নকারী সংস্থাসমূহের মাধ্যমে ব্যয় করা হবে। বাস্তবায়নকারী সংস্থাসমূহ মাসিক ভিত্তিতে পরিশোধিত যাবতীয় ব্যয়ের বিবরণীসহ বিল-ভাউচার সংশ্লিষ্ট জেলার সহকারী পরিচালক বরাবরে দাখিল করবে। জেলার সহকারী পরিচালকগণ ডিডিও হিসেবে সকল বিল পরিশোধের যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে। জেলার সহকারী পরিচালকগণ বিল পরিশোধের ক্ষেত্রে বাস্তবায়নকারী সংস্থার অনুকূলে ক্রসড চেকে ইস্যুর মাধ্যমে বিল পরিশোধ করবেন। প্রসঙ্গত উল্লেখ্য যে, অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং-০৭.১০১.০২০.০০.০০.০০২.২০২০-০৯, তারিখ: ১৯/০৭/২০২০ এর নির্দেশনা মোতাবেক টি.এ বিল খাতে ৫০% কর্তন করেই বরাদ্দ প্রদান করা হয়েছে।

এসংক্রান্ত ব্যয় নির্বাহের জন্য এওপি # ১৩৩, অর্থনৈতিক কোড ৩২৫৭৩০১ "বিদ্যালয় বর্হিভুত শিশুদের উপানুষ্ঠানিক শিক্ষা (কস্ট অব আইএসএ)" খাতে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর ঢাকা হতে চলতি অর্থ বছরে ১ম দফায় মোট ১৯২,৫৬,০০,০০০.০০ (টাকা একশত বিরানব্বই কোটি ছাপ্পান্ন লক্ষ মাত্র) টাকা সূত্রে বর্ণিত ১নং স্মারকে মঞ্জুরী ও বরাদ্দ পাওয়া যায়। উক্ত বরাদ্দকৃত অর্থ হতে ০৬টি জেলায় জানুয়ারী-২০২১ হতে মার্চ-২০২১ পর্যন্ত (০৩ মাস) স্থাপিত শিখন কেন্দ্রসমূহে কর্মরত শিক্ষক, সুপারভাইজার ও মাঠপর্যায়ের কর্মকর্তাদের বেতন, শিখন কেন্দ্রের ঘর ভাড়া, টিচিং লার্নিং ম্যাটেরিয়ালস এন্ড স্টেশনারী ক্রয়ের বিল ও ক্যারিং কস্ট, কর্মকর্তাদের যাতায়াত ও যোগাযোগ ভাতা (জুলাই-ডিসেম্বর ২০২০ -এর কয়েকটি খাতের বকেয়াসহ) এবং আই.এস.এ. খাতের অন্যান্য ব্যয় নির্বাহের জন্য নিম্নে বর্ণিত ৬টি জেলার সহকারী পরিচালক, জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর অনুকূলে মোট ১২,৪৪,১২,৮৪৭.০০ (বারো কোটি চুয়াল্লিশ লক্ষ বারো হাজার আটশত সাতচল্লিশ মাত্র) টাকা ব্যয়ের সরকারি মঞ্জুরী জ্ঞাপন করছি।

বিভাজনঃ শত টাকায়

| ক্রঃ নং | জেলার নাম | অফিস কোড | এওপি নং | অপারেশনাল কোড | অর্থনৈতিক কোড | মোট বরাদ্দ | জিওবি (৬৪.৮%) | আরপিএ (জিওবি) ৩৫.২%) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ঢাকা | ৫৬ | ১৩৩ | ৮২০৫ | ৩২৫৭৩০১ | ৩৫৩৭৫৩.৯৬ | ২২৯২৩২.৫৬ | ১২৪৫২১.৩৯ | জানু-২১ হতে মার্চ-২১ পর্যন্ত (আগষ্ট ও অক্টো, ২০২০ কয়েকটি খাতের বকেয়াসহ) |
| ২ | চট্টগ্রাম | ৫৭ | ১৩৩ | ৮২০৫ | ৩২৫৭৩০১ | ১৫৭২৪৩.৫১ | ১০১৮৯৩.৭৯ | ৫৫৩৪৯.৭১ | জানু-২১ হতে মার্চ-২১ পর্যন্ত |
| ৩ | কিশোরগঞ্জ | ৫৮ | ১৩৩ | ৮২০৫ | ৩২৫৭৩০১ | ১৬৪৩২২.৪৭ | ১০৬৪৮০.৯৬ | ৫৭৮৪১.৫১ | জানু-২১ হতে মার্চ-২১ পর্যন্ত (জুলাই- ও অক্টো, ২০২০ কয়েকটি খাতের বকেয়াসহ) |
| ৪ | গাইবান্ধা | ৫৯ | ১৩৩ | ৮২০৫ | ৩২৫৭৩০১ | ২১৫১৪৯.৬৯ | ১৩৯৪১৭.০০ | ৭৫৭৩২.৬৯ | |
| ৫ | সুনামগঞ্জ | ৬০ | ১৩৩ | ৮২০৫ | ৩২৫৭৩০১ | ৭৩৬১৩.৫৫ | ৪৭৭০১.৫৮ | ২৫৯১১.৯৭ | |
| ৬ | সিলেট | ৬১ | ১৩৩ | ৮২০৫ | ৩২৫৭৩০১ | ২৮০০৪৫.৩০ | ১৮১৪৬৯.৩৫ | ৯৮৫৭৫.৯৫ | জানু-২১ হতে মার্চ-২১ পর্যন্ত (জুলাই- ও ডিসেম্বর ২০২০ মাসের কয়েকটি খাতের বকেয়াসহ) |
| মোট | | | | | | ১২৪৪১২৮.৪৭ | ৮০৬১৯৫.২৫ | ৩১৩৪৪৫.৩১ | |

২। এই ব্যয় ২০২০-২১ অর্থ বছরের উন্নয়ন বাজেটের মঞ্জুরী নং ২১, চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি (পিইডিপি-৪) এর সংস্থা কোড নং ১২৪ এবং হিসাবের খাত ২২৪২৩৭৯০০ এর আওতায় সাব-কম্পোনেন্ট ২.৫ "বিদ্যালয় বহির্ভূত শিশুদের উপানুষ্ঠানিক শিক্ষা কার্যক্রম"এর এওপি নং ১৩৩ আবর্তক খাতের সংশ্লিষ্ট অর্থনৈতিক কোড ৩২৫৭৩০১-"বিদ্যালয় বহির্ভূত শিশুদের

উপানুষ্ঠানিক শিক্ষা খাতে প্রাপ্ত বরাদ্দ ১৯২,৫৬,০০,০০০.০০ (টাকা একশত বিরানব্বই কোটি ছাপ্পান্ন লক্ষ মাত্র) টাকা হতে ব্যয় নির্বাহ হবে।

৩। **অর্থ ব্যয়ের শর্তাবলী:**

ক) বিদ্যমান আর্থিক বিধি যথাযথভাবে প্রতিপালন করত: কেবল মাত্র বরাদ্দকৃত অর্থ বকেয়াসহ ব্যয় করা যাবে। কোন ক্রমেই অগ্রিম উত্তোলন এবং বরাদ্দের অতিরিক্ত ব্যয় করা যাবে না;

খ) এই ব্যয় নির্ধারিত অর্থনৈতিক কোড ব্যতীত অন্য কোন কোডে ব্যয় করা যাবে না;

গ) অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং-০৭.১০১.০২০.০০.০০.০০২.২০২০-০৯, তারিখ: ১৯/০৭/২০২০ এর নির্দেশনা মোতাবেক টি.এ বিল খাতে ৫০% কর্তন করেই বরাদ্দ প্রদান করা হয়েছে;

ঘ) এ ব্যয়ের যাবতীয় অডিট কার্যক্রম এ ব্যুরোর প্রধান কার্যালয়ে/ তাঁর দপ্তরে সম্পাদিত হবে। খরচের সকল বিল-ভাউচার, আনুসাঙ্গিক রেজিষ্টারসমূহ তাঁর দপ্তরে এমনভাবে সংরক্ষণ করতে হবে, যাতে স্বল্প সময়ের নোটিশে তা নিরীক্ষাদলের নিকট উপস্থাপন/ অত্র কার্যালয়ে দাখিল করা যায়;

ঙ) ব্যয়িত অর্থের বিবরণী পরবর্তী মাসের ৩ তারিখের মধ্যে **(সংশ্লিষ্ট জেলা হিসাবরক্ষণ অফিসের ব্যয়ের সংগতি সাধনের কপিসহ)** এ দপ্তরে প্রেরণ নিশ্চিত করতে হবে;

চ) প্রচলিত আর্থিক বিধি-বিধানের আলোকে প্রযোজ্য ক্ষেত্রে নির্ধারিত হারে ভ্যাট/ আইটি কর্তন করতে হবে;

ছ) এ অর্থ খরচ করার ক্ষেত্রে সংশ্লিষ্ট সহকারী পরিচালক আয়ন-ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব পালন করবেন এবং যে কোন অনিয়মিত ব্যয়ের জন্য তিনি দায়ী থাকবেন;

জ) জেলাওয়ারী বরাদ্দকৃত অর্থের বিস্তারিত বিবরণী ৬ জেলার জন্য পরিশিষ্ট ১ থেকে ৬ তে সংযুক্ত করা হলো। তদানুযায়ী খাত ভিত্তিক ব্যয় করতে হবে। ব্যয়ের ক্ষেত্রে প্রধান কার্যালয়ের নির্দেশনা অনুসরণ করতে হবে।

সংযুক্তিঃ বর্ণনানুযায়ী (..২৫... পাতা)

০৮.০৮.২০২১

(তপন কুমার ঘোষ)
মহাপরিচালক
ফোনঃ ২২২২৮৭৮৯৫

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
৩। অতিরিক্ত মহাপরিচালক, পিইডিপি-৪, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
৪। পরিচালক (পরিকল্পনা), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ২৩২/১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।
৫। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, প্রাগম, সচিবালয় ভবন, ৩য় ফেইজ (৫ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।
৬। সিস্টেম এনালিষ্ট, উশিব্যু, (বরাদ্দপত্রটি ব্যুরোর ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৭। উপ-পরিচালক (পরি. ও মনি.), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ২৩২/১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।
৮। উপ-পরিচালক, বাজেট, পিইডিপি-৪, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
৯। উপ-পরিচালক (অর্থ), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা (iBAS++ পদ্ধতিতে ডাটা এন্ট্রির প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
১০। সহকারী পরিচালক, (পরিকল্পনা), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ২৩২/১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।
১১। সহকারী পরিচালক, জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো ঢাকা, সুনামগঞ্জ, সিলেট, চট্টগ্রাম, কিশোরগঞ্জ ও গাইবান্ধা।
১২। নির্বাহী পরিচালক, ব্র্যাক, আরডিআরএস, এফআইভিডিবি, জেসিএফ।

৮/৮/২০২১

(মোহাম্মদ খালেদ)
সহকারী পরিচালক (অর্থ ও লজি.)
ফোনঃ ২২২২৬৩০৭৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
**উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো**
২৩২/১ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।

**আউট অব স্কুল চিলড্রেন শিক্ষা কর্মসূচির জন্য (এক লক্ষ বিদ্যালয় বর্হিভুত শিশু)**

**জানুয়ারি ২০২১ হতে মার্চ ২০২১ পর্যন্ত বরাদ্দ**

**জেলা ভিত্তিক মোট বরাদ্দ**

**বাজেট বিভাজনসহ**

(শত টাকায়)

| ক্রমিক নং | জেলার নাম | অফিস কোড | এওপি নং | অপারেশনাল কোড | অর্থনৈতিক কোড | মোট বরাদ্দ | জিওবি (৬৪.৮%) | আরপিএ (জিওবি) ৩৫.২%) |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ঢাকা | ৫৬ | ১৩৩ | ৮২০৫ | ৩২৫৭৩০১ | ৩৫৩৭৫৩.৯৬ | ২২৯২৩২.৫৬ | ১২৪৫২১.৩৯ |
| ২ | চট্রগ্রাম | ৫৭ | ১৩৩ | ৮২০৫ | ৩২৫৭৩০১ | ১৫৭২৪৩.৫১ | ১০১৮৯৩.৭৯ | ৫৫৩৪৯.৭১ |
| ৩ | কিশোরগঞ্জ | ৫৮ | ১৩৩ | ৮২০৫ | ৩২৫৭৩০১ | ১৬৪৩২২.৪৭ | ১০৬৪৮০.৯৬ | ৫৭৮৪১.৫১ |
| ৪ | গাইবান্ধা | ৫৯ | ১৩৩ | ৮২০৫ | ৩২৫৭৩০১ | ২১৫১৪৯.৬৯ | ১৩৯৪১৭.০০ | ৭৫৭৩২.৬৯ |
| ৫ | সুনামগঞ্জ | ৬০ | ১৩৩ | ৮২০৫ | ৩২৫৭৩০১ | ৭৩৬১৩.৫৫ | ৪৭৭০১.৫৮ | ২৫৯১১.৯৭ |
| ৬ | সিলেট | ৬১ | ১৩৩ | ৮২০৫ | ৩২৫৭৩০১ | ২৮০০৪৫.৩০ | ১৮১৪৬৯.৩৫ | ৯৮৫৭৫.৯৫ |
| মোট | | | | | | ১২৪৪১২৮.৪৭ | ৮০৬১৯৫.২৫ | ৩১৩৪৪৫.৩১ |